যুগান্তর

তারিখ ... 11 FEB
পৃষ্ঠা ...২... কলাম...

# একুশে পদক পাচ্ছেন ১৬ জন

সাংস্কৃতিক রিপোর্টার

বিভিন্ন ক্ষেত্রে 'গৌরবোজ্জ্বল ও প্রশংসনীয়' অবদানের জন্য এবার অবসরপ্রাপ্ত বিচারপতি কাজী এবাদুল হক, সাহিত্যিক ড. হায়াৎ মামুদ ও সাংবাদিক তোয়াব খানসহ ১৬ জন রাষ্ট্রীয় সম্মাননা 'একুশে পদক-২০১৬' পাচ্ছেন। বুধবার সংস্কৃতি মন্ত্রণালয় থেকে সহকারী সচিব মো. জিয়াউদ্দিন ভূঞা স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এ বছর ভাষা আন্দোলনে অবদান রাখার জন্য চারজনকে একুশে পদক দেয়া হচ্ছে। তারা হলেন— বিচারপতি কাজী এবাদুল হক, ডা. সাঈদ হায়দার, সৈয়দ গোলাম কিবরিয়া (মরণোত্তর) ও ড. জসীম উদ্দিন আহমেদ। মুক্তিযুদ্ধে অবদানের স্বীকৃতিস্বরূপ মফিদুল হককে একুশে পদক দেয়া হচ্ছে এবার। সাংবাদিকতায় অবদানের জন্য একুশে পদক পাচ্ছেন তোয়াব খান।

শিল্পকলার বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য ৫ জনের নাম ঘোষণা করা হয়েছে। তারা হলেন— টিভি ও চলচ্চিত্রে অভিনয়ের জন্য জাহানারা আহমেদ, শাস্ত্রীয় সঙ্গীতে পণ্ডিত অমরেশ রায় চৌধুরী, সঙ্গীতে শাহীন সামাদ, নৃত্যে আমানুল হক ও চিত্রকলায় অবদানের জন্য (মরণোত্তর)

পাচ্ছেন : পৃষ্ঠা ১৪ : কলাম ৪

## পাচ্ছেন : একুশে পদক

(১ম পৃষ্ঠার পর)

কাজী আনোয়ার হোসেন। এ বছর ভাষা ও সাহিত্যে অবদানের জন্য তিনজনকে একুশে পদক দেয়া হচ্ছে। তারা হলেন— কথাসাহিত্যিক জ্যোতিপ্রকাশ দত্ত, অধ্যাপক ড. হায়াৎ মামুদ ও কবি হাবীবুল্লাহ সিরাজী। গবেষণায় এ পদক পাচ্ছেন অধ্যাপক ডা. এবিএম আবদুল্লাহ ও মংছেন চিং মংছিন। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০ ফেব্রুয়ারি রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের হাতে পদক তুলে দেবেন। পদক বিজয়ী প্রত্যেককে ১৮ ক্যারেট মানের ৩৫ গ্রাম স্বর্ণপদক এবং নগদ দুই লাখ করে টাকা দেয়া হবে।